# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৮. দু‘আ সম্পর্কে

## باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مَسْلَمَةَ، حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ مُحَمَّدِ بْنِ أَيْمَنَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ يَعْقُوبَ بْنِ إِسْحَاقَ، عَمَّنْ حَدَّثَهُ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ الْقُرَظِيِّ، حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ عَبَّاسٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " لاَ تَسْتُرُوا الْجُدُرَ، مَنْ نَظَرَ فِي كِتَابِ أَخِيهِ بِغَيْرِ إِذْنِهِ فَإِنَّمَا يَنْظُرُ فِي النَّارِ، سَلُوا اللهَ بِبُطُونِ أَكُفِّكُمْ وَلاَ تَسْأَلُوهُ بِظُهُورِهَا، فَإِذَا فَرَغْتُمْ فَامْسَحُوا بِهَا وُجُوهَكُمْ " .

ـ ضعيف

قَالَ أَبُو دَاوُدَ : رُوِيَ هَذَا الْحَدِيثُ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ كُلُّهَا وَاهِيَةٌ وَهَذَا الطَّرِيقُ أَمْثَلُهَا وَهُوَ ضَعِيفٌ أَيْضًا

বাংলা

১৪৮৫। ’আবদুল্লাহ ইবনু ’আব্বাস রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের ঘরের দেয়ালগুলো পর্দায় আবৃত করো না। যে ব্যক্তি বিনা অনুমতিতে তার ভাইয়ের চিঠিতে দৃষ্টি নিক্ষেপ করলো, সে যেন জাহান্নামের আগুনের দিকে তাকালো। তোমরা হাতের পৃষ্ঠের দ্বারা নয় বরং হাতের তালুর দ্বারা আল্লাহর কাছে চাইবে। অতঃপর দু'আ শেষে তোমাদের হাতের তালু দিয়ে নিজের চেহারা মুছবে।[1]

দুর্বল।

ইমাম আবূ দাঊদ (রহঃ) বলেন, এ হাদীস মুহাম্মাদ ইবনু কা’ব হতে বিভিন্নভাবে বর্ণিত হয়েছে। এর সবগুলো

সূত্রই নিকৃষ্ট। তবে এ সূত্রের বর্ণনাটি ভালো, কিন্তু এটাও দুর্বল।

## English

Narrated Abdullah ibn Abbas:

The Prophet (ﷺ) said: Do not cover the walls. He who sees the letter of his brother without his permission, sees Hell-fire.

Supplicate Allah with the palms of your hands; do not supplicate Him with their backs upwards. When you finish supplication, wipe your faces with them.

Abu Dawud said: This tradition has been transmitted through a different chains by Muhammad b. Ka'b; all of them are weak. The chain I have narrated is best of them; but it is also weak.

ফুটনোট

[1] বায়হাক্বী ‘সুনান’ (২/২১২), হাকিম (৪/২৭০)। আবূ দাউদ ও বায়হাক্বীর সানাদ দুর্বল। উভয়ের সনদে ‘আবদুল্লাহ ইবনু মুহাম্মাদ ইবনু আয়মান রয়েছে। ইমাম আবূ দাউদ তাকে দুর্বল বলেছেন। অনুরূপ তার শায়খ ‘আবদুল্লাহ ইবনু ইয়াকূব, যার নাম নেয়া হয়নি। তিনি অজ্ঞাত। এছাড়া হাকিমের সানাদ সম্পর্কে ইমাম হাকিম বলেনঃ ‘এ হাদীসের ভিন্ন সানাদ রয়েছে তাতে কিছু অক্ষর বাড়িয়ে।’ ইমাম যাহাবী তার বিরোধীতা করে বলেনঃ সনদে হিশাম মাতরুক এবং মুহাম্মাদ ইবনু মু‘আবিয়াহকে ইমাম দারাকুতনী মিথ্যুক বলেছেন এবং তার হাদীসকে বাতিল আখ্যা দিয়েছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58803

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন